

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
পরিকল্পনা ও বাজেট শাখা
(www.cabinet.gov.bd)

নম্বর: ০৪.০০.০০০০.৪৩১.০৬.০১৫.১২.১২৫

তারিখ: ১১ আগস্ট ২০১৫
২৭ শ্রাবণ ১৪২২।

অফিস আদেশ

অর্থ বিভাগের ১৩ জুন ২০১২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০০৮.৪২০ সংখ্যক স্মারকের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের ২০ জানুয়ারি ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৪৩১.০৬.০১৫.১২.১০ সংখ্যক অফিস আদেশে গঠিত এ বিভাগের বাজেট ওয়ার্কিং গ্রুপ আংশিক সংশোধন করে নিম্নোল্লিখিতভাবে পুনর্গঠন করা হল:

বাজেট ওয়ার্কিং গ্রুপের গঠন ও কার্যপরিধি


(১) গঠন:

ক্রমিক নম্বর	পদবি ও কর্মস্থল	পদ
১.	অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ	সভাপতি
২.	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৩.	যুগ্মসচিব (পরিকল্পনা ও বাজেট/প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৪.	উপসচিব (সাধারণ/সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা/আইসিটি/সংস্থাপন/মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৫.	উপ-কর্মসূচি পরিচালক/উপ-প্রকল্প পরিচালক, মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৬.	সংশ্লিষ্ট উপসচিব/সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৭.	সিনিয়র সহকারী সচিব (সাধারণ সেবা/মন্ত্রিসেবা), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৮.	প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৯.	সহকারী প্রধান (প্রকল্প সহায়তা সেল), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
১০.	পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সহকারী/সিনিয়র সহকারী প্রধান	সদস্য
১১.	হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
১২.	সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা ও বাজেট), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য সচিব

(২) কার্যপরিধি:

বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য উপস্থাপনের পূর্বে নিম্নোক্ত দলিল/প্রাক্কলন/বিবরণীসমূহ পরীক্ষা ও চূড়ান্তকরণ:

১. মন্ত্রিপরিষদ বিভাগের বাজেট সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা;
২. মন্ত্রিপরিষদ বিভাগের খসড়া বাজেট কাঠামো (প্রথম ও দ্বিতীয় ভাগ);
৩. সচিবালয় এবং মন্ত্রিগণ অংশের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা;
৪. রাজস্ব আয়, অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ;
৫. আগাম সংগ্রহ পরিকল্পনা (advance procurement plan) ও মন্ত্রিপরিষদ বিভাগের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা;
৬. বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন;
৭. প্রধান কর্মকৃতি নির্দেশক এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন;
৮. বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন;
৯. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যপত্র; এবং
১০. বাজেট ব্যবস্থাপনা কমিটি/প্রধান হিসাবদানকারী অফিসার (principal accounting officer) কর্তৃক প্রদত্ত বাজেট প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং পর্যালোচনা সংক্রান্ত অন্য যে কোন বিষয়।


মোঃ রফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪১১৭